ঘ) ‘চাঁদবণিকের পালা’ নাটকের অন্যতম চরিত্র লখিন্দরকে মূল মনসামঙ্গল থেকে কিভাবে এক নতুন যুগ যন্ত্রণার ফসল হিসেবে নির্মাণ করেছেন নাট্যকার?

---





# ২০২৫

# বাংলা

## (অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(বাংলা নাটক পাঠ)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘চাঁদবণিকের পালা’ নাটকটির প্রথম পর্বে কী কাহিনি রয়েছে এবং কতগুলি গান আছে?

খ) মন্মথ রায় ও শম্ভু মিত্র রচিত দুটি করে নাটকের নাম লেখো।

গ) চার বন্ধু শ্মশানে কেন এসেছিল? সেখানে এসে তারা কী কী কাজে ব্যস্ত হয়ে পড়েছিল?

ঘ) ‘পাগলাঘোড়া’ নাটকে দাহ হতে হতে মেয়েটি কী কী করেছিল?

ঙ) ‘কারাগার’ নাটকের তৃতীয় অঙ্কের স্বপ্ন দৃশ্যটির অবতারণার কারণ কী?

(পরের পাতায়)

চ)  'কারাগার' নাটকটির কাহিনির মূল উৎস কোথায়?

ছ)  'ভগবান জাগৃহি!' কারা কেন কোথায় এইভাবে চিৎকার করেছিল?

জ)  যদু বংশীয় শূরসেন কে ছিলেন? 'কারাগার' নাটকের কাহিনিতে তাঁর চরিত্রের কী ভূমিকা ছিল?

ঝ)  'কারাগার' নাটকে প্রথম অঙ্কে যে দুই পক্ষের সংঘাত ঘটেছে সেখানে ওই দুই পক্ষের কারা কারা ছিল?

ঞ)  'চাঁদ বণিকের পালা' নাটকের দ্বিতীয় পর্বের কাহিনিতে কী কী ঘটনা প্রাধান্য পেয়েছে?

ট)  'চাঁদবণিকের পালা' নাটকে ভৈরব করালি দলের বিপরীতে কারা ছিলেন?

ঠ)  'পাগলা ঘোড়া' নাটকে কোন্ সাহিত্যিকের কথা বলা হয়েছে? কোন্ প্রসঙ্গে এবং কেন সেই সাহিত্যিকের নাম উল্লেখিত হয়েছে?

ড)  'চাঁদবণিকের পালা' নাটকে সনকার মুখে সংলাপ ছাড়া আর কী কী শোনা গেছে?

ঢ)  "কেউ যাব না স্বর্গে রাজা

নরক ভরা হাজার মজা"।

কোন্ নাটকের গান? গানটি কারা কোথায় গেয়েছিল?

ণ)  "তোমরাই আজ কংসের সৈন্য, তোমরাই কংসের গুপ্তচর..."

—কে কাদের উদ্দেশে কেন এই কথা বলেছেন?



২।  যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও :  ৫×৪=২০

ক)  'কারাগার' নাটকে বসুদেব চরিত্রের মধ্যে দিয়ে নির্যাতিত যদু বংশের যে সংগ্রামী রূপটি ফুটে উঠেছে তা সংক্ষেপে দেখাও।

খ)  পাগলা ঘোড়া কিসের প্রতীক? নাটকে তা কিভাবে চিত্রায়িত হয়েছে?

গ)  'চাঁদবণিকের পালা' নাটকের নামকরণে নাট্যকারের 'পালা' শব্দটির প্রয়োগ এর সম্ভাব্য কারণগুলি কী কী?

ঘ)  'চাঁদ বণিকের পালা' নাটকে বেহুলা চরিত্রটি 'মনসামঙ্গল কাব্য' থেকে এই নাটকে কতটা নতুন রূপে নির্মিত হয়েছে?

ঙ)  'শুধু বেঁচে থাকা বলে কোন কথা নাইরে জীবনে' - বক্তা কে? বক্তব্যটি বুঝিয়ে দাও।

চ)  "সমরের অর্থ হল অন্যায় সমর" —কোন্ নাটকের অংশ? এখানে কোন্ দুটি মহাকাব্যের উল্লেখ আছে? প্রসঙ্গসহ বিষয়টি বুঝিয়ে দাও।

৩।  যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও :  ১০×২=২০

ক)  'পাগলা ঘোড়া' নাটকটির মধ্যে দিয়ে নাট্যকার যে বিশেষ নাট্যরীতির প্রয়োগ করেছেন তা নাটকে কতটা সফল হয়েছে?

খ)  'কারাগার' নাটকটিতে নাট্যকার পৌরাণিক নাটকের দাবি পূরণ করেও পরাধীন ভারতবর্ষে যে মুক্তির আলো জ্বেলে দিতে চেয়েছিলেন তা আলোচনা করে দেখাও।

গ)  'কারাগার' নাটকের গানগুলি কাদের রচিত? এই নাটকে সংগীতের ব্যবহারের গুরুত্ব কতখানি?